

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩৪(আগরতলা, ১৭।০৪)
খোয়াই, ১৭ এপ্রিল, ২০১৮

স্বচ্ছ ভারত : খোয়াইতে পথ নাটক

খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং খোয়াই জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় স্বচ্ছ ভারত মিশন গ্রামীণ প্রকল্পে পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শৌচালয় নির্মাণের প্রয়োজনীয়তার উপর পথ নাটকের মাধ্যমে প্রচার অভিযান চালানো হবে। মহকুমার তুলাশিখর, পদ্মাবিল, খোয়াই ব্লক এলাকার বিভিন্ন এ ডি সি ভিলেজ এবং গ্রাম পঞ্চায়েতে পথ নাটকগুলি পরিবেশন করা হবে। স্বচ্ছ ভারত অভিযান নিয়ে গ্রামীণ এলাকায় সচেতনতা বাড়াতেই পথ নাটক করা হবে।
